PRINT

MAMAK

জিয়াউল হক ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক



তুই মাসেরও বেশি সময় শূন্য থাকার পর নতুন চেয়ারম্যান পেয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হককে এ বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করেছে সরকার। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়।

গত ৬ জানুয়ারি ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহাবুবুর রহমানকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়। এরপর থেকে এই শিক্ষা বোর্ডে চেয়ারম্যান পদটি শূন্য ছিল। বোর্ডের সচিব সহযোগী অধ্যাপক মো. শাহেতুল খবির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িতু পালন করছিলেন।

শিক্ষা মন্ত্রণালয় কর্মকর্তারা জানিয়েছেন, জিয়াউল হকসহ তিনজন অধ্যাপকের নাম উল্লেখ করে ঢাকা বোর্ডের চেয়ারম্যান পদে নিয়োগের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে সারসংক্ষেপ পাঠানো হয়েছিল। প্রধানমন্ত্রী তাদের মধ্য থেকে জিয়াউল হককে চেয়ারম্যান হিসেবে অনুমোদন দেন।

অধ্যাপক জিয়াউল হক ১৯৬১ সালের ১ ডিসেম্বর বরিশাল জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭৬ সালে তিনি এসএসসি এবং ১৯৭৮ এইচএসসি পাস করেন। এরপর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮২ সালে অর্থনীতি বিষয়ে স্নাতক (সম্মান) এবং ১৯৮৩ সালে একই বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com